



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
ওয়েবসাইট : www.dtca.gov.bd

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় বহুতল
ভবন ও আবাসন প্রকল্পের ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের
গাইডলাইন

ডিসেম্বর, ২০২৫

স্বাক্ষর

সূচী পত্র

বিষয়	পৃষ্ঠা
১.০ ভূমিকা	১
১.১ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের প্রযোজ্যতা	১
২.০ আবেদনপত্র প্রস্তুতকরণ	১
২.১ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের জন্য অনলাইনে আবেদন	১
২.২ বহুতল ভবন ও আবাসন প্রকল্পের ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র ও নকশার তালিকা	৩
২.৩ নকশা প্রস্তুতকরণ	৩
২.৪ আবাসন প্রকল্পের ক্ষেত্রে নকশা প্রস্তুতকরণ	৪
২.৪.১ আবাসন প্রকল্পের ক্ষেত্রে দাখিলীয় ড্রয়িং	৪
২.৪.২ আবাসন প্রকল্পের দাখিলীয় ড্রয়িং এর বিবেচ্য বিষয়সমূহ	৪
২.৫ বহুতল ভবন প্রকল্পের ক্ষেত্রে নকশা প্রস্তুতকরণ	৫
২.৫.১ বহুতল ভবন প্রকল্পের ক্ষেত্রে দাখিলীয় ড্রয়িং	৫
২.৫.২ বহুতল ভবনের ক্ষেত্রে দাখিলীয় ড্রয়িং এর বিবেচ্য বিষয়সমূহ	৫
২.৬ ট্রাফিক ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট রিপোর্ট প্রস্তুতকরণে বিবেচ্য বিষয়সমূহ	৮
২.৭ আবেদনপত্রের ফি প্রদান	৯
২.৭.১ আবেদনপত্রের ফি'র পরিমাণ	৯
২.৭.২ আবেদনপত্রের ফি প্রদানের নিয়ম	৯
২.৮ আবেদনপত্র পর্যালোচনা	৯
৩.০ আবেদনপত্র পর্যালোচনা কমিটি	১০
৩.১ কমিটি গঠন	১০
৩.২ কমিটির কার্যপরিধি	১০
৩.৩ কমিটির সভা	১১
৪.০ আবেদনপত্রের মেয়াদ, নবায়ন ও বাতিল	১১
৪.১ আবেদনপত্রের মেয়াদ	১১
৪.২ আবেদনপত্র নবায়ন	১১
৪.৩ আবেদনপত্র বাতিল	১১
৫.০ মনিটরিং	১২
৬.০ আবেদনপত্র প্রদানের শর্তাবলী	১২
৬.১ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের শর্তাবলী (বহুতল ভবন)	১২
৬.২ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের শর্তাবলী (আবাসন প্রকল্প)	১৩
তফসিল-১	১৪
তফসিল-২	১৫
তফসিল-৩	১৬
তফসিল-৪	১৭
তফসিল-৫	১৮
তফসিল-৬	১৯
তফসিল-৭	২০
তফসিল-৮	২১
পরিশিষ্ট -১	২৪
পরিশিষ্ট -২	২৫
পরিশিষ্ট -৩	২৬
পরিশিষ্ট -৪	২৭
পরিশিষ্ট -৫	২৮
পরিশিষ্ট -৬	২৯

Handwritten signatures and initials at the bottom of the page.

১.০ ভূমিকা

বৃহত্তর ঢাকার (ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর ও নরসিংদী) অধিবাসীদের জন্যে সুষ্ঠু, পরিকল্পিত, সমন্বিত ও আধুনিক পরিবহন সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে অন্তর্ভুক্ত করে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ এর মাধ্যমে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন ২০১২ এর ৯(চ) উপধারা অনুযায়ী বৃহত্তর ঢাকায় বহুতল ভবন ও আবাসন প্রকল্পে যানবাহন প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা ডিটিসিএ কর্তৃক অনুমোদন ও এতদসংক্রান্ত ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

কোন এলাকায় বহুতল ভবন বা আবাসিক প্রকল্প নির্মিত হলে উক্ত স্থানের ট্রাফিকের পরিমাণ বৃদ্ধি পায় এবং ভ্রমণ চাহিদার (Traffic demand) সৃষ্টি হয়; ফলে সড়কের নেটওয়ার্ক, বিদ্যমান সড়কের ধারণ ক্ষমতা, পার্কিং অবস্থা ও ট্রাফিক ব্যবস্থাপনার উপরে প্রভাব পড়ে। এমতাবস্থায় ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে, বহুতল ভবন বা আবাসিক প্রকল্পের কারণে যেন তদসংলগ্ন এলাকায় যান চলাচল ও ট্রাফিক ব্যবস্থাপনায় নেতিবাচক প্রভাব না পড়ে সেটি নিশ্চিতকরণে বিশেষ লক্ষ্য রাখা হয়।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, বহুতল ভবনের ফ্ল্যাট সংখ্যা ও সর্বমোট মেঝের ক্ষেত্রফল অনুযায়ী পার্কিং প্ল্যান, প্রবেশ-নির্গমন পথ, ভবনের ২৫০ মিটার ব্যাসার্ধে ভূমি ব্যবহার, বাস বে এর লোকেশন, প্রযোজ্য ক্ষেত্রে ট্র্যাফিক প্রভাবগত মূল্যায়ন (ট্রাফিক ইমপ্যাক্ট এসেসমেন্ট) প্রভৃতি বিভিন্ন সূচক ও স্ট্যান্ডার্ডের ভিত্তিতে ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্র প্রদান করে। আবাসিক প্রকল্পের ক্ষেত্রে ভূমি ব্যবহার, সড়কের নেটওয়ার্ক, পার্কিং প্ল্যান, সেক্টর অনুযায়ী লে-আউট প্ল্যান প্রভৃতি বিষয়াদি পর্যালোচনার ভিত্তিতে ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্র প্রদান করা হয়।


১.১ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের প্রযোজ্যতা

ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী বহুতল ভবন অর্থ ১০ তলা বা ৩৩ মিটারের উর্ধ্বে যে কোন ইমারত বা ভবন। উচ্চতা নির্ধারণের ক্ষেত্রে সিঁড়িঘর, লিফটের মেশিনরুম জলাধারের উচ্চতা গণ্য করা হবে না। কোন সরকারি সংস্থা, ব্যক্তি, কোম্পানি, প্রতিষ্ঠান, বাণিজ্যিক প্রতিষ্ঠান, রিয়েল এস্টেট ডেভেলপার, সমিতি বা সংগঠন ১০ তলা বা ৩৩ মিটারের উর্ধ্বে যে কোন ইমারত অথবা কোন আবাসিক প্রকল্প নির্মাণের ক্ষেত্রে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রযোজ্য হবে।

২.০ আবেদনপত্র প্রস্তুতকরণ

২.১ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের জন্য অনলাইনে আবেদন

ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের জন্য ডিটিসিএ'র ওয়েবসাইট (www.dtca.gov.bd) হতে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইন আবেদনপত্র নম্বর ও সংশ্লিষ্ট কাগজপত্র ও নকশার প্রিন্টেট কপি ডিটিসিএ অফিসে জমা দিতে হবে। এক নজরে অনলাইন আবেদন ও চূড়ান্ত অনুমোদনের পর্যায়ক্রমিক ধাপসমূহ নিম্নরূপঃ



চিত্র-১: এক নজরে অনলাইন আবেদনের ও চূড়ান্ত অনুমোদনের ধাপসমূহ

[Handwritten signature]

[Handwritten signature]

২.২ বহুতল ভবন ও আবাসন প্রকল্পের ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র ও নকশার তালিকা

বহুতল ভবন ও আবাসন প্রকল্পের ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে অনলাইনে আবেদনের সময় নিম্নোক্ত কাগজপত্র ও নকশার প্রয়োজন হবে।

আবাসন প্রকল্প (প্রস্তাবিত/নবায়ন)	বহুতল ভবন প্রকল্প
১) তফসিল – ১ অথবা তফসিল- ৩ অনুযায়ী আবেদনের তথ্যাদি	১) তফসিল – ২ অনুযায়ী আবেদনের তথ্যাদি
২) অঞ্জীকারনামা (তফসিল-৪)	২) অঞ্জীকারনামা (তফসিল-৫)
৩) ভূমির হালনাগাদ খাজনার দাখিলার সত্যায়িত কপি	৩) ভূমির হালনাগাদ খাজনার দাখিলার সত্যায়িত কপি
৪) রাজউক কর্তৃক প্রাথমিক পরামর্শকরণ কপি বা অনুরূপ সংশ্লিষ্ট সংস্থার ছাড়পত্রের সত্যায়িত কপি	৪) জমির রাজউক/জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ/ সিভিল এভিয়েশন / অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার প্রাথমিক পরামর্শকরণ কপি /ভূমি ব্যবহার ছাড়পত্র / লীজ / দলিল / অনুমতিপত্র / সম্মতিপত্র / ভূমির প্লট বিভাজন- /একত্রিকরণ ইত্যাদি সত্যায়িত কপি
৫) সর্বোচ্চ A0 সাইজ কাগজে মেট্রিক মাপে নকশা দাখিল করতে হবে।	৫) সর্বোচ্চ A0 সাইজ কাগজে মেট্রিক মাপে নকশা দাখিল করতে হবে।
৬) জমির মালিকানা সংক্রান্ত তথ্যাদি/ ডিসি অফিসের ভূমি সংক্রান্ত ছাড়পত্র	৬) Traffic Impact Assessment (TIA) এ সংশ্লিষ্ট প্রয়োজনীয় সফট কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
৭) Traffic Impact Assessment (TIA) এবং সংশ্লিষ্ট প্রয়োজনীয় সফট কপি(তফসিল-৮)	৭) পেশাজীবী যেমন- স্থপতি, পরিকল্পনাবিদ এর সম্মতিপত্র (তফসিল-৬)
৮) পেশাজীবী যেমন- স্থপতি, পরিকল্পনাবিদ, প্রকৌশলী এর সম্মতিপত্র (তফসিল-৬)	৮) নির্ধারিত ফি জমাদান সংক্রান্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ভ্যাট চালান
৯) নির্ধারিত ফি জমাদান সংক্রান্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ভ্যাট চালান	m
১০) ডিটিসিএ কর্তৃক সর্বশেষ অনুমোদনকৃত নকশা ও পত্রের ফটোকপি (শুধুমাত্র নবায়নের জন্য প্রযোজ্য)	

২.৩ নকশা প্রস্তুতকরণ

- সংশ্লিষ্ট পেশাজীবী প্রতিষ্ঠানে পেশাজীবী দ্বারা প্রস্তুতকৃত নকশা জমা দিতে হবে। নকশা প্রস্তুতকরণে নিয়োজিত পেশাজীবীর নিবন্ধন নম্বরসহ সঠিক স্বাক্ষর ও সিল ব্যবহার করতে হবে।
- পরিকল্পনাবিদের ক্ষেত্রে নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক ডিগ্রীপ্রাপ্ত এবং রাজউকে নিবন্ধনসহ বাংলাদেশ ইন্সটিটিউট অফ প্ল্যানার্সের (বিআইপি) এর সদস্য হতে হবে।
- স্থপতির ক্ষেত্রে স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রীপ্রাপ্ত এবং রাজউকে নিবন্ধনসহ বাংলাদেশ স্থপতি ইন্সটিটিউট (আইএবি) এর সদস্য হতে হবে।
- প্রকৌশলীর ক্ষেত্রে প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রীপ্রাপ্ত ও রাজউকে নিবন্ধনসহ ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি) এর সদস্য হতে হবে।

২.৪. আবাসন প্রকল্পের ক্ষেত্রে নকশা প্রস্তুতকরণ

২.৪.১ আবাসন প্রকল্পের ক্ষেত্রে দাখিলীয় ড্রয়িং

আবাসন প্রকল্পের ক্ষেত্রে দাখিলীয় ড্রয়িং এ নিম্নোক্ত বিষয়সমূহ সন্নিবেশ করতে হবেঃ

- ক) সড়কের শ্রেণীবিন্যাস সম্বলিত রোড নেটওয়ার্ক প্ল্যান যেখানে নিম্নোক্ত বিষয়সমূহ সন্নিবেশিত থাকবে।
 - i. সড়কের শ্রেণিবিন্যাস সম্বলিত রোড নেটওয়ার্ক প্ল্যান।
 - ii. বেসরকারী আবাসিক ভূমি উন্নয়ন বিধিমালা অনুযায়ী জনসংখ্যার ভিত্তিতে হিসাবকৃত নাগরিক সেবা সমূহের অবস্থান ও বরাদ্দকৃত জায়গার পরিমাণ।
 - iii. প্লট/ব্লক/সেক্টর থাকলে তার বিবরণ ও ম্যাপে চিহ্নিতকরণ।
 - iv. প্রকল্প এলাকায় যানবাহন প্রবেশ ও বহির্গমনের দিক নির্দেশক সাইন
 - v. নাগরিক সেবা সমূহের অবস্থান ও বরাদ্দকৃত প্রকল্প (প্রয়োজ্য ক্ষেত্রে) এলাকায় পার্কিং এলাকা (অন/অফ স্ট্রিট পার্কিং) ও বাস বে এর অবস্থান
 - vi. ব্রীজ/কালভার্টের অবস্থান
 - vii. নকশার লে-আউট এ কো-অর্ডিনেট সিস্টেম (স্থানাঙ্ক ব্যবস্থা) ব্যবহার
 - viii. নকশার গ্রাফিক্যাল স্কেল, নর্থ সাইন, শিরোনাম, ব্যবহৃত সাজ্জেক্টিভ চিহ্নের বর্ণনা
- খ) প্রয়োজনীয় ক্ষেত্রে প্রধান সড়কের ইন্টারসেকশনের নকশা, লেফট লেন চ্যানেলাইজেশন
- গ) ফুটপাথ ও অন্যান্য ইউটিলিটি লাইন সমন্বিত রাস্তার ক্রস সেকশন
- ঘ) লোকেশন ম্যাপ
- ঙ) মূল লেআউট নকশায় মৌজা নম্বর, ক্রয়কৃত জমি, খাস জমি প্রভৃতি দেখাতে হবে।

২.৪.২ আবাসন প্রকল্পের দাখিলীয় ড্রয়িং প্রস্তুতকরণে বিবেচ্য বিষয়সমূহ

ক. সাইট লেআউট ও নকশা সংক্রান্ত

১. লেআউটের সাথে নকশায় মৌজা নম্বর, ক্রয়কৃত জমি এবং খাস জমি পৃথক শিটে প্রদর্শন করতে হবে।
২. মহানগর ইমারত নির্মাণ বিধিমালা এবং বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা অনুসারে লেআউট পরিকল্পনায় পর্যাপ্ত সড়ক, সড়কের প্রস্থ এবং সড়কের শ্রেণিবিন্যাস যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৩. নগর পরিকল্পনার দৃষ্টিকোণ থেকে উপবিভাগ প্লটিং এর মূলনীতিসমূহ সঠিকভাবে প্রতিপালন করতে হবে।
৪. লেআউটের সড়ক নেটওয়ার্ক বিশদ এলাকা পরিকল্পনা, আরএসটিপি এবং ঢাকা শহরের সংশ্লিষ্ট মহাপরিকল্পনার সড়ক নেটওয়ার্কের সাথে সাংঘর্ষিক হবে না।
৫. উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ লাইনের সরাসরি বরাবর সড়ক প্রস্তাব করা যাবে না। তবে ব্যতিক্রমী ক্ষেত্রে বিদ্যুৎ লাইন অতিক্রম করা অপরিহার্য হলে যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং উক্ত সড়কের যে অংশে টাওয়ার অবস্থান বা সড়কের মধ্যবর্তী স্থানের (মিডিয়ান) প্রশস্ততা ন্যূনতম বিদ্যুৎ খুঁটি বা টাওয়ারের প্রশস্ততার সমান হতে হবে।
৬. অপ্রয়োজনীয় ডেড এন্ড পরিহার করতে হবে। ব্যতিক্রমী ক্ষেত্রে আবাসন প্রকল্পে ডেড এন্ড থাকলে কাল-ডি-সেক বা বিকল্প ব্যবস্থা রাখতে হবে।

৭. আবাসন প্রকল্পে স্থানের অন্তর্ভুক্ত সড়কসমূহ স্থান সংলগ্ন পার্শ্ববর্তী অন্যান্য সড়কের সাথে সংযোগ বা সমন্বয় করতে হবে এবং তা নকশায় প্রদর্শন করে একটি মানচিত্র জমা দিতে হবে।

৮. বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা অনুসারে ভূমির মালিকানা সংক্রান্ত বিষয়াদি নিশ্চিত করতে হবে।

খ. সড়ক ক্রস সেকশন ও মান সংক্রান্ত

৯. দাখিলকৃত নকশায় সড়কের ক্রস সেকশনে (রাইট অব ওয়ে, লেনের প্রস্থ, ফুটপাথের প্রস্থ, বিদ্যুৎ খুঁটি, গ্যাস লাইন এবং অন্যান্য ইউটিলিটি লাইন) মানদণ্ড অনুসরণ করতে হবে।

১০. আবাসন প্রকল্পসমূহে বাস স্টপেজ (যদি থাকে) এর লেআউট বিস্তৃতভাবে প্রদর্শন করতে হবে। প্রধান সড়কে নন-মোটরাইজড ট্রান্সপোর্ট লেন, ফুটপাথ, ফুটপাথের ফার্নিচার জোন, মধ্যবর্তী স্থান ইত্যাদি অন্তর্ভুক্ত করে নকশা এবং অংশচিত্র প্রদান করতে হবে।

গ. কর্ণার প্লট সংক্রান্ত

১১. আবাসন প্রকল্পে কর্ণার প্লটসমূহের প্রান্ত সরলীকরণ বিধি অনুযায়ী অথবা প্লট সংলগ্ন সড়কের প্রস্থের সাথে সমন্বয় করতে হবে।

২.৫ বহুতল ভবন প্রকল্পের ক্ষেত্রে নকশা প্রস্তুতকরণ

২.৫.১ বহুতল ভবনের ক্ষেত্রে দাখিলীয় ড্রয়িং

বহুতল ভবন প্রকল্পের ক্ষেত্রে দাখিলীয় ড্রইং এ নিম্নোক্ত বিষয় সন্নিবেশ করতে হবেঃ

ক) ইमारতের বর্ণনা

- ১) ইमारতের প্রকৃতি (টাইপ)
- ২) প্লটের পরিমাণ (বর্গমিটারে)
- ৩) মেঝের ক্ষেত্রফল (বর্গমিটারে)
- ৪) ফ্ল্যাটের সংখ্যা ও ক্ষেত্রফল
- ৫) ইमारতে গাড়ি প্রবেশ ও বাহির হওয়ার নকশা

খ) পার্কিং

- ১) পার্কিং সংশ্লিষ্ট ফ্লোরের প্ল্যান (গ্রাউন্ড ফ্লোর ও বেজমেন্ট ফ্লোর)
- ২) পার্কিং এ মোট সংখ্যা
- ৩) অতিথিদের ও প্রতিবন্ধীবাঙ্কব পার্কিং এর সংখ্যা
- ৪) র‍্যাম্পের ক্রস-সেকশনসহ নকশা

গ) রাস্তার বর্ণনা

- ১) রাস্তার প্রস্থ (মিটার)
- ২) ফুটপাথের অবস্থান

ঘ) পারিপার্শ্বিক এলাকার বিবরণ

- ১) কী-লোকেশন প্ল্যান
- ২) ইमारতের ২৫০ মিটার ব্যাসার্ধের ভিতরে অবস্থিত সকল স্থাপনা ও সড়ক ইন্টারসেকশনের ভূমি ব্যবহার, লে-আউট প্ল্যান
- ৩) সংযোগ সড়ক হতে যানবাহনের জন্য পৃথক হোল্ডিং বে তৈরী করার বাধ্যবাধকতা থাকলে তা দেখাতে হবে।

২.৫.২ বহুতল ভবনের ক্ষেত্রে দাখিলীয় ড্রয়িং প্রস্তুতকরণে বিবেচ্য বিষয়সমূহ

ক. সাইট লেআউট ও নকশা সংক্রান্তঃ

- ১) মূল লেআউট নকশায় মৌজা নম্বর, ক্রয়কৃত জমি এবং খাস জমি পৃথক পৃথক শিটে প্রদর্শন করতে হবে।
- ২) মহানগর ইমারত নির্মাণ বিধিমালা এবং বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা অনুসারে লেআউট পরিকল্পনায় পর্যাপ্ত সড়ক, সড়কের প্রস্থ এবং সড়কের শ্রেণিবিন্যাস যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৩) নগর পরিকল্পনার দৃষ্টিকোণ থেকে উপবিভাগ প্লটিং এর মূলনীতিসমূহ সঠিকভাবে প্রতিপালন করতে হবে।
- ৪) লেআউটের সড়ক নেটওয়ার্ক বিস্তারিত এলাকা পরিকল্পনা, আরএসটিপি এবং ঢাকা শহরের সংশ্লিষ্ট মহাপরিকল্পনার সড়ক নেটওয়ার্কের সাথে সাংঘর্ষিক হবে না।
- ৫) উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ লাইনের সরাসরি বরাবর সড়ক প্রস্তাব করা যাবে না। তবে ব্যতিক্রমী ক্ষেত্রে বিদ্যুৎ লাইন অতিক্রম করা অপরিহার্য হলে যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং উক্ত সড়কের মধ্যবর্তী স্থানের প্রশস্ততা ন্যূনতম বিদ্যুৎ খুঁটি বা টাওয়ারের প্রশস্ততার সমান হতে হবে।
- ৬) আবাসন প্রকল্পে স্থানের অন্তর্ভুক্ত সড়কসমূহ স্থান সংলগ্ন পার্শ্ববর্তী অন্যান্য সড়কের সাথে সংযোগ বা সমন্বয় করতে হবে এবং তা নকশায় প্রদর্শন করে একটি মানচিত্র জমা দিতে হবে।
- ৭) বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা অনুসারে ভূমির মালিকানা সংক্রান্ত বিষয়াদি নিশ্চিত করতে হবে।

খ. সড়ক ক্রস সেকশন ও মান সংক্রান্তঃ

- ৮) দাখিলকৃত নকশায় সড়কের আড়াআড়ি অংশের (রাইট অব ওয়ে, লেনের প্রস্থ, ফুটপাথের প্রস্থ, বিদ্যুৎ খুঁটি, গ্যাস লাইন এবং অন্যান্য ইউটিলিটি লাইন) মানদণ্ড অনুসরণ করতে হবে।
- ৯) আবাসন প্রকল্পসমূহে বাস স্টপেজ (যদি থাকে) এর লেআউট বিস্তৃতভাবে প্রদর্শন করতে হবে। প্রধান সড়কে নন-মোটরাইজড ট্রান্সপোর্ট লেন, ফুটপাথ, ফুটপাথের ফার্নিচার জোন, মধ্যবর্তী স্থান ইত্যাদি অন্তর্ভুক্ত করে নকশা এবং অংশচিত্র প্রদান করতে হবে।

গ. কর্ণার প্লট সংক্রান্তঃ

- ১০) আবাসন প্রকল্পে কোণার প্লটসমূহের প্রাপ্ত সরলীকরণ বিধি অনুযায়ী অথবা প্লট সংলগ্ন সড়কের প্রস্থের সাথে সমন্বয় করতে হবে।
- ১১) কর্ণার প্লটের কিনারা সরলীকরণের ক্ষেত্রে, সাধারণ যানবাহনের জন্য ২ মিটার x ২ মিটার জায়গা উন্মুক্ত রাখতে হবে। এবং ২৪.৪৯ মিটার বা এর উর্ধ্ব সড়ক সংলগ্ন কর্ণার প্লটের কিনারায় ৬.৯ মিটার অভ্যন্তরীণ ব্যাসার্ধ ধরে প্রাপ্ত জায়গায় কোনো স্থায়ী স্থাপনা নির্মাণ করা যাবে না, তবে বিধিমালা অনুসারে সেটব্যাক বা এর সকল শর্ত মেনে ৬ মিটার উপর থেকে ভবনের বর্ষিতাংশ থাকতে পারে।
- ১২) কর্ণার প্লটের ক্ষেত্রে, কিনারা সরলীকরণের পর ৪.২৫ মিটার দৈর্ঘ্য অব্যবহৃত রেখে প্রকল্পে প্রবেশ-নির্গমন করতে হবে।

১৩) কর্ণার প্লটের কর্ণারের অংশে সেটব্যাক এলাকায় এমন উচ্চতার দেয়াল বা সৌন্দর্যবর্ধনের জন্য এমন কোনো স্থাপনা নির্মাণ করা যাবে না যাতে যানবাহন চালকের দৃষ্টি সীমা বাধাগ্রস্ত হয়।

ঘ. প্রবেশ-নির্গমন ও গেট সংক্রান্তঃ

১৪) ইমারত প্রকল্পটি স্থান সংলগ্ন একাধিক সড়কের সাথে সংযুক্ত থাকলে প্রকল্পের সম্মুখ পার্শ্ব নির্ধারণের জন্য স্থানের বৃহত্তম অংশ যে সড়কের সাথে সংযুক্ত সেটি সম্মুখ পার্শ্ব হিসেবে বিবেচিত হবে।

১৫) ইমারত প্রকল্পটি স্থান সংলগ্ন একাধিক সড়কের সাথে সংযুক্ত থাকলে সর্বাধিক প্রশস্ত সড়ক থেকে যানবাহন প্রবেশ-নির্গমন গেট বাধ্যতামূলক নয়। তবে সম্মুখ পার্শ্ব নির্ধারণের জন্য শুধুমাত্র পথচারী গেট থাকতে পারে।

১৬) প্রকল্প স্থানের সম্মুখ পার্শ্ব ১০ মিটার হলেও সম্মুখ পার্শ্ব সংলগ্ন সড়ক থেকে দুটি পৃথক প্রবেশ-নির্গমন নাও হতে পারে।

১৭) প্রবেশ-নির্গমন পথ সুস্পষ্টভাবে (গেটের অবস্থান, লেবেল চিহ্নিতকরণ বা অংশচিত্রসহ) প্রদর্শন করতে হবে। প্রবেশ-নির্গমন পথে র‍্যাম্প থাকলে তা স্থানের অভ্যন্তরীণ সীমানা থেকে শুরু হতে হবে।

ঙ. র‍্যাম্প ও টার্নিং রেডিয়াস সংক্রান্তঃ

১৮) নকশায় র‍্যাম্পের আড়াআড়ি অংশ প্রদর্শন করতে হবে এবং র‍্যাম্প গাড়ি ঘোরানোর জন্য পর্যাপ্ত টার্নিং রেডিয়াস "বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড (বিএনবিসি-২০২০)" অনুসারে হতে হবে, যাতে যেকোনো যানবাহন বাধামুক্তভাবে প্রবেশ ও নির্গমন করতে পারে।

১৯) ৪৫.৭০ মিটার উচ্চতা বা তার চেয়ে বেশি উচ্চতা বিশিষ্ট ভবনে সাধারণ যানবাহন রাখার জন্য প্রয়োজনীয় স্থান এবং যানবাহন ঘোরানোর জন্য পর্যাপ্ত টার্নিং রেডিয়াস "বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড (বিএনবিসি-২০২০)" অনুসারে প্রদর্শন করতে হবে।

২০) পার্কিং স্থানে র‍্যাম্প ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ ঢাল ১:৮ হবে এবং র‍্যাম্প শুরুর পূর্বে ৪.২৫ মিটার দীর্ঘ আনুভূমিক পথ থাকতে হবে, তবে ০.৭৫ মিটার পর্যন্ত প্রারম্ভিক উচ্চতায় ওঠা বা নামার জন্য উক্ত শর্ত প্রযোজ্য হবে না।

২১) প্রারম্ভিক উচ্চতায় ওঠা বা নামার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে সিডিসহ) ২০ নং দফায় উল্লিখিত র‍্যাম্প সেটব্যাক অংশে নির্মাণ করা যাবে এবং প্লটের সীমানা থেকে শুরু বা সীমানাতে শেষ হতে হবে।

২২) একমুখী যানবাহন চলাচলের র‍্যাম্পের ক্ষেত্রে ন্যূনতম প্রস্থ ৩ মিটার এবং উভয়মুখী যানবাহন চলাচলের র‍্যাম্পের ক্ষেত্রে ন্যূনতম প্রস্থ সাধারণ যানবাহনের ক্ষেত্রে ৪.২৫ মিটার এবং অন্যান্য ক্ষেত্রে ৬ মিটার হতে হবে।

২৩) পার্কিং স্থান এবং র‍্যাম্প এর বাধামুক্ত উচ্চতা কমপক্ষে ২.২৫ মিটার হতে হবে। অন্যান্য ক্ষেত্রে বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড (বিএনবিসি-২০২০) অনুসারে হতে হবে।

চ. পথচারী সুবিধা ও নিরাপত্তা সংক্রান্তঃ

২৪) প্রস্তাবিত ভবনে ন্যূনতম যাত্রী নামানোর স্থান থাকতে হবে। প্রধান গেট থেকে ডাইভওয়েতে পৃথক চিহ্নিতকরণ বা ফুটপাথ নির্মাণ করে পথচারীদের প্রবেশ সুনিশ্চিত ও নিরাপদ করতে হবে।

২৫) পথচারীর নিরবচ্ছিন্ন চলাচল নিশ্চিত করার জন্য ফুটপাথের উচ্চতা অপরিবর্তিত রাখতে হবে, তবে ফুটপাথ উচ্চতা প্রাপ্তির লক্ষ্যে ০.৩ মিটার থেকে ০.৪৫ মিটার জায়গায় র‍্যাম্প ব্যবহার করা যেতে পারে।

২৬) কোনো পার্কিং এলাকায় প্রবেশ বা নির্গমন পথের জন্য ফুটপাথ অংশবিশেষ কাটতে বা র‍্যাম্প তৈরি করতে হলে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পথচারীদের সুযোগ-সুবিধার দিকে লক্ষ রেখে ফুটপাথের পরিবর্তন বা পরিবর্ধন করতে হবে এবং এক্ষেত্রে নির্মাণব্যয় আবেদনকারী বহন করবে।

ছ. পার্কিং সংখ্যা ও প্রকার সংক্রান্তঃ

২৭) ইমারত প্রকল্পের ট্রাফিক ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট (টিআইএ) এর সুপারিশ অনুসারে এবং প্রকল্পের ধরন (occupancy type) বা চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক সাইকেল, মোটরসাইকেল বা ভারী যানবাহন পার্কিং এর স্থান রাখতে হবে।

২৮) মোট পার্কিং সংখ্যার মধ্যে প্রতিবন্ধী পার্কিং ৫% এবং অতিথি পার্কিং ৫% রাখতে হবে।

২৯) বিশেষ ক্ষেত্রে জরুরি যানবাহন (অ্যাম্বুলেন্স/ফায়ার সার্ভিস) প্রবেশের ব্যবস্থা নকশায় সুস্পষ্টভাবে প্রদর্শন করতে হবে।

৩০) কোনো বাণিজ্যিক ভবনে রেস্টুরেন্ট, বিপণিবিতান, ব্যাংক, সিনেপ্লেক্স, প্যাথলজি, হাসপাতাল, কনভেনশন বা কমিউনিটি হল থাকলে ইমারতের সামনে ন্যূনতম ২ (দুই) টি সারফেস কার পার্কিং এর স্থান রাখতে হবে।

৩১) NR (Non-Restricted) FAR (Floor Area Ratio) প্রাপ্ত বা ব্যস্ততম কোনো এলাকার ভবনের যানবাহনের সর্বমোট সংখ্যা নির্ধারণে ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা-২০০৮ অনুসারে প্রাপ্ত সর্বনিম্ন সংখ্যার দেড়গুণের বেশি হবে না।

৩২) একই প্লটের আংশিক অংশে প্রস্তাবিত কোনো ভবনের যানবাহনের সংখ্যা নির্ধারণের জন্য উক্ত প্লটের মোট FAR থেকে প্রাপ্ত মোট যানবাহনের সংখ্যার সাথে সমন্বয় করে চূড়ান্ত করতে হবে।

৩৩) ভবনে কার লিফট ব্যবহার করলে, উক্ত ভবনে পার্কিং এর সর্বোচ্চ সংখ্যা ২০০টির বেশি হবে না এবং ন্যূনতম ৫০টি যানবাহনের জন্য ১টি করে কার লিফট স্থাপন করতে হবে।

জ. পার্কিং ব্যবস্থাপনা ও বিন্যাস সংক্রান্তঃ

৩৪) কার ড্রপিং বে-তে কোনো ধরনের স্থায়ী বা অস্থায়ী প্রতিবন্ধকতা তৈরি করা যাবে না।

৩৫) অনূর্ধ্ব চারটি পর্যন্ত যানবাহনের পার্কিং এর ক্ষেত্রে প্রয়োজনবোধে সড়ক থেকে সরাসরি কৌণিক পার্কিং নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে দেওয়া যেতে পারে, যথা:

(ক) উক্ত কৌণিক পার্কিং ৪৫ ডিগ্রির মধ্যে হতে হবে;

(খ) বাসস্ট্যান্ডের ১৫ মিটারের মধ্যে উক্ত পার্কিং হবে না;

(গ) পথচারী পারাপারের চিহ্নিত স্থানের বা কোনো মোড়ের ২৫ মিটারের মধ্যে উক্ত পার্কিং হবে না; এবং

(ঘ) উক্ত পার্কিং কোনো অবস্থাতেই জাতীয় মহাসড়কে হবে না।

৩৬) আবাসিক স্থানে ন্যূনতম ১০০টি যানবাহন পার্কিং এবং অন্যান্য স্থানে ৫০টি যানবাহন পার্কিং স্থানের ক্ষেত্রে একটি আলাদা ট্রাফিক মার্জিং লেন ও হোল্ডিং বে এর ব্যবস্থা রাখতে হবে যাতে সংলগ্ন সড়কে ট্রাফিকের সহজ চলাচল কোনোভাবেই বিঘ্নিত না হয়।

ঝ. ট্রাফিক ব্যবস্থাপনা ও সাইনেজ বিষয়ক বিধি

৩৭) প্রকল্পের অভ্যন্তরীণ সড়ক বা ড্রাইভওয়ের দিকনির্দেশক চিহ্নিতকরণ, পথচারী বা সাইকেল চলাচলের অংশে চিহ্নিতকরণসহ, প্রয়োজনীয় ক্ষেত্রে স্পিড হাম্প, সতর্কতামূলক সাইন বা মিরর পোস্ট ইত্যাদির অবস্থান এবং ট্রাফিক সার্কুলেশন ডায়াগ্রাম (তীর চিহ্ন সংবলিত একক রেখা) প্রস্তাবিত নকশায় অন্তর্ভুক্ত থাকতে হবে।

২.৬ ট্রাফিক ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট (TIA) রিপোর্ট প্রস্তুতকরণে বিবেচ্য বিষয়সমূহ

ক. টিআইএ প্রয়োজ্যতার ক্ষেত্র

১. নিম্নোক্ত প্রেক্ষাপটে টিআইএ দাখিল প্রয়োজ্য হবে:

(ক) সকল আবাসন (প্রস্তাবিত/নবায়ন) প্রকল্পের জন্য ট্রাফিক ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট (টিআইএ) রিপোর্ট দাখিল বাধ্যতামূলক।

(খ) বহুতল ভবনের ক্ষেত্রে কার পার্কিং সংখ্যা ন্যূনতম ৫০ (পঞ্চাশ) টি হলে কিংবা প্রকল্পের ধরন ও অবস্থান অনুযায়ী কিংবা দৈনিক ট্রিপ সংখ্যা ন্যূনতম ১০০ (একশত) টি হলে ট্রাফিক ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট (টিআইএ) রিপোর্ট প্রদান করতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুযায়ী টিআইএ প্রদান করতে হবে:

(১) আবাসিক উন্নয়নের ক্ষেত্রে dwelling units এর সংখ্যা ৫০ এর অধিক হলে;

(২) বাণিজ্যিক ভবন, সমাবেশ স্থল, শিক্ষা প্রতিষ্ঠান বা স্বাস্থ্যসেবা কেন্দ্র (অফিস, বিপণিবিতান, কমিউনিটি বিল্ডিং, স্কুল, হাসপাতাল ইত্যাদি) যেখানে জনসমাগম হওয়ার সম্ভাবনা অধিক; এমন ভবনের সামগ্রিক ফ্লোর এরিয়া ১০০০ বর্গমিটারের অধিক হলে;

(৩) শিল্প কারখানা প্রকল্পের ক্ষেত্রে;

(৪) মিশ্র ব্যবহারের প্রকল্পের ক্ষেত্রে।

খ. ডাটা সংগ্রহ, জরিপ এলাকা ও পদ্ধতি

২. আবেদন দাখিলের তারিখ থেকে এক বছর পূর্বের কোনো ট্রাফিক ডাটা ব্যবহার করে প্রস্তুতকৃত ট্রাফিক ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট (টিআইএ) গ্রহণযোগ্য হবে না।

৩. আবাসন প্রকল্পের স্থানের আকার অনুসারে প্রভাব এলাকা (Impact Area) নির্ধারণ করতে হবে। প্রভাব এলাকা ন্যূনতম ৫০০ মিটার হতে হবে। তবে ৫০০ মিটারের বাইরে অধিক দূরত্বে কোনো গুরুত্বপূর্ণ ইন্টারসেকশন থাকলে তা বিবেচনায় আনতে হবে এবং সকল গুরুত্বপূর্ণ ইন্টারসেকশনের ট্রাফিক কাউন্ট সার্ভে সম্পন্ন করতে হবে। প্রভাব এলাকার প্রতিটি নোডে দিক নির্দেশক ট্রাফিক কাউন্ট সার্ভে (Directional Traffic Count Survey) পরিচালনা করতে হবে।

৪. ট্রাফিক কাউন্ট সার্ভে সম্পাদনের জন্য ৩ (তিন) দিনের সার্ভে পরিচালনা করতে হবে। প্রথম দিন ১৫ (পনেরো) মিনিট অন্তর অন্তর ১৬ (ষোল) ঘন্টা সার্ভে সম্পন্ন করে সকাল পিক (am Peak) এবং বিকাল পিক (pm Peak) নির্ধারণ করতে হবে। পরবর্তী ২ (দুই) দিন শুধুমাত্র সকাল পিক এবং বিকাল পিক এর ভিত্তিতে প্রতিদিন ৪ (চার) ঘন্টা করে ডাটা সংগ্রহ ও বিশ্লেষণ করতে হবে। প্রমাণক হিসেবে সংগৃহীত ডাটাসহ সার্ভে ভিডিও ক্লিপ দাখিল করতে হবে।

গ. বিশ্লেষণ পদ্ধতি, সূচক ও মডেলিং

৫. ভিত্তি বছর, ওপেনিং বছর এবং ২০ (বিশ) বছরের জন্য তফসিল-৮ এ বর্ণিত তালিকা অনুযায়ী পৃথকভাবে প্রভাব (Impact) নির্ধারণ করতে হবে।

৬. প্রতিটি ক্ষেত্রে লেভেল অব সার্ভিস (LOS) পরিমাপের জন্য V/C অনুপাত, বিলম্ব সময় (Delay Time), কিউ-লেঙ্গথ (Queue-length) বিবেচনা করতে হবে।

৭. পথচারী এবং নন-মোটরাইজড ট্রান্সপোর্ট (NMT) ট্রিপ ট্রাফিক কাউন্টের ক্ষেত্রে অবশ্যই বিবেচনায় নিতে হবে এবং মানসম্মত পদ্ধতিতে ট্রিপ রেট নির্ণয় করতে হবে।

৮. সড়কের প্রতি লেন ধারণক্ষমতা (Per Lane Capacity) নির্ণয় করতে হবে এবং যাত্রী গাড়ি ইউনিট (PCU) নির্ণয়ের ক্ষেত্রে সর্বশেষ নির্ধারিত মান (URSTP Standard) ব্যবহার করতে হবে। প্রকল্প এলাকার সম্ভাব্য অধিবাসীদের ট্রিপের সংখ্যা ট্রাফিক মোড অনুযায়ী বিন্যস্ত করে PCU তে রূপান্তরিত করতে হবে।

ঘ. প্রভাব প্রশমন ও সমাধান

৯. প্রভাব প্রশমনের (Impact Mitigation) জন্য সুনির্দিষ্ট প্রস্তাব প্রদান করতে হবে। প্রতিটি প্রস্তাবের জন্য V/C অনুপাত, বিলম্ব সময় (Delay), কিউ-লেঙ্গথ (Queue-length) এর গণনা এবং পার্থক্য প্রদর্শন করতে হবে (তফসিল-৮)।

২.৭ আবেদনপত্রের ফি প্রদান

২.৭.১ আবেদন ফি'র পরিমাণ

আবাসিক প্রকল্পের ছাড়পত্রের জন্য তফসিল-৭ এ বর্ণিত তালিকা অনুযায়ী আবাসন ও বহুতল ভবনের ক্ষেত্রে আবেদন ফি প্রদান করতে হবে।

২.৭.২ আবেদন ফি প্রদানের নিয়মাবলী

ধার্যকৃত আবেদন ফি ভিসা কার্ড, ডেবিট কার্ড, মাস্টার কার্ড, বিকাশ বা অন্যান্য অনলাইন সেবার মাধ্যমে জমা দেয়া যাবে। এছাড়া আবেদন ফি এর ১৫% ভ্যাট সহ অনলাইনে আবেদন ফি জমা প্রদান করতে হবে। ডিটিসিএ আবেদন ফি এর ১৫% ভ্যাট সরকারী কোষাগারে জমা প্রদান করবে। আবেদনপত্রের সাথে অনলাইনে প্রদত্ত অর্থের রশিদ জমা দিতে হবে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত যে কোন ব্যাংক হইতে “TRAFFIC CIRCULATION RELATED DESIGN APPROVAL FEE” ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮” বরাবর ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে ফি জমা প্রদান করা যাবে। সে ক্ষেত্রে আবেদন ফি এর ১৫% ভ্যাট চালানোর মাধ্যমে কোড নং- ১-১১৩৩-০০১০-০৩১১ এ জমা দিয়ে চালানোর মূল কপি এবং ব্যাংক ড্রাফট এর মূল কপি আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।

২.৮ আবেদনপত্র পর্যালোচনা

- ১) আবেদনপত্র গ্রহণ করে চেকলিস্ট অনুযায়ী সকল তথ্য, ডকুমেন্ট, কাগজপত্র আছে কিনা যাচাই করতে হবে।
- ২) নকশা, রিপোর্ট পর্যালোচনা করে সংশোধনের জন্য কোন বিষয় আছে কিনা যাচাই করতে হবে।
- ৩) সাইট পরিদর্শন করে সাইট পরিদর্শন রিপোর্ট প্রস্তুত করতে হবে।

- ৪) আবেদনপত্র ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র সুপারিশ কমিটির মিটিং এর জন্য উপযুক্ত কিনা তা চিহ্নিত করতে হবে।

৩.০ আবেদনপত্র পর্যালোচনা কমিটি

৩.১ কমিটি গঠন

ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্য আবেদনপত্র পর্যালোচনা করে উক্ত আবেদনপত্র অনুমোদনের জন্য উপযুক্ত কিনা তা চিহ্নিত করার জন্য “ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র সুপারিশ কমিটি” নামে একটি কমিটি থাকবে। উক্ত কমিটি নিম্নোক্ত সদস্যবৃন্দের সমন্বয়ে গঠিত হবে:

১।	অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই), ডিটিসিএ	আহ্বায়ক
২।	এ্যাডভাইজার, ইনস্টিটিউশনাল সাপোর্ট এন্ড লিংকেজ, ডিটিসিএ	সদস্য
৩।	সিনিয়র ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ	সদস্য
৪।	ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ	সদস্য
৪।	ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ডিটিসিএ	সদস্য
৫।	ট্রান্সপোর্ট প্ল্যানার, ডিটিসিএ	সদস্য
৬।	সড়ক ও জনপথ অধিদপ্তর হতে একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৭।	রাজউক হতে একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৮।	স্থাপত্য অধিদপ্তর হতে একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৯।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১০।	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১১।	ডিএমপি হতে একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১২।	আরবান প্ল্যানার, ডিটিসিএ	সদস্য সচিব

৩.২ কমিটির কার্যপরিধি

- ১) প্রস্তাবিত প্রকল্পের নকশা পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রণয়ন ও নকশা অনুমোদন।
- ২) প্রয়োজনে কমিটি সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে সভায় উপস্থিত থাকার আহ্বান করবে।
- ৩) এ ব্যাপারে কোন তথ্যাদি প্রয়োজন হলে আবেদনকারীর নিকট হতে তথ্য সংগ্রহ করবে।
- ৪) প্রয়োজনে কমিটি উপযুক্ত কর্মকর্তাকে Co-opt করতে সুপারিশ করতে পারবে।
- ৫) কমিটির সদস্যগণ প্রয়োজনে সময় সময় অবকাঠামো নির্মাণকালীন তদারকি করবে।

৩.৩ কমিটির সভা

- ১) প্রতিমাসে কমপক্ষে একটি সভা আয়োজন করতে হবে। প্রয়োজনে একাধিক সভা আয়োজন করা যাবে।
- ২) সভায় কমিটির ন্যূনতম দুই তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকতে হবে।
- ৩) কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী কোন নকশা অনুমোদনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হলে কমিটির সদস্যগণ নকশায় স্বাক্ষর করবেন।

Handwritten signature: A. M. J.

Handwritten signature: M.

৪) কমিটির সভার সিদ্ধান্ত আবেদনকারীর নিকট পত্র প্রেরণ করা হবে।

৪.০ ছাড়পত্রের মেয়াদ, নবায়ন ও বাতিল

৪.১ ছাড়পত্রের মেয়াদ

- ১) বহতল ভবনের ক্ষেত্রে একবার ছাড়পত্র গ্রহণ করা হলে এবং নকশা পরিবর্তন না করা হলে নতুন করে আর ছাড়পত্র গ্রহণ করতে হবে না।
- ২) আবাসন প্রকল্পের ক্ষেত্রে ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ০৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকবে। ছাড়পত্র গ্রহণ বা নবায়নের তারিখ হতে পরবর্তী ০৫ (পাঁচ) বছরের মধ্যে অনুমোদিত নকশা অনুযায়ী প্রকল্পের কাজ শেষ হলে আর ছাড়পত্র নবায়নের প্রয়োজন পড়বে না।

৪.২ ছাড়পত্র নবায়ন

- ১) বহতল ভবনের ক্ষেত্রে নকশার পরিবর্তন বা পরিবর্ধন করা হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে, নতুবা পূর্বের ছাড়পত্রের মেয়াদ বহাল থাকবে।
- ২) আবাসন প্রকল্পের ক্ষেত্রে ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ০৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকবে। মেয়াদ শেষ হওয়ার অন্তত ৬০ (ষাট) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।
- ৩) অনুমোদিত নকশা পরিবর্তন করা হলে নতুন ড্রইং, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, ভ্যাট চালানের কপি অথবা অনলাইনে প্রদত্ত অর্থের রশিদ ও পূর্বের ছাড়পত্রের শর্তানুযায়ী প্রকল্পের বর্তমান অবস্থার বিবরণ দাখিল করতে হবে।


৪.৩ ছাড়পত্র বাতিল

৪.৩.১ বহতল ভবনঃ

- ১) জমির মালিকানা নিয়ে আইনগত জটিলতা / আপত্তি দেখা দিলে এবং এ বিষয়ে আবেদনকারী কোন ধরনের প্রতারণার আশ্রয় গ্রহণ করেছেন বলে সুস্পষ্টভাবে প্রমাণিত হলে, ছাড়পত্রটি তৎক্ষণাৎ বাতিল বলে গণ্য হবে।
- ২) ডিটিসিএর অনুমোদন ব্যতীত অনুমোদিত নকশার পরিবর্তন, পরিবর্ধন বা কোন ধরনের রদবদল করা যাবে না।
- ৩) ছাড়পত্রের কোন শর্তের লংঘন, আবেদনপত্র, নকশা কিংবা আবেদনকারী কর্তৃক পেশকৃত অন্যান্য দলিল ইত্যাদিতে উদ্দেশ্যমূলকভাবে প্রকৃত তথ্যের ভুল উপস্থাপন বা গোপন করলে ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।

৪.৩.২ আবাসন প্রকল্পঃ

- ১) ছাড়পত্র ভূমির মালিকানা নির্ধারণ করে না। জমির মালিকানা নিয়ে আইনগত জটিলতা / আপত্তি দেখা দিলে এবং এ বিষয়ে আবেদনকারী কোন ধরনের প্রতারণার আশ্রয় গ্রহণ করেছেন বলে সুস্পষ্টভাবে প্রমাণিত হলে, এই ছাড়পত্র তৎক্ষণাৎ বাতিল বলে গণ্য হবে।
- ২) প্রকল্প এলাকার নির্মাণ কাজ চলাকালীন সময়ে ডিটিসিএ প্রয়োজন অনুযায়ী নক্সা, অঙ্গীকারনামা ও প্রদত্ত শর্তসমূহ





- i) পালিত হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করবে। প্রয়োজনে ডিটিসিএ'র পরামর্শক্রমে তা বাস্তবায়ন করতে আবেদনকারী বাধ্য থাকবেন।

৩) ছাড়পত্রের কোন শর্ত ভঙ্গ করা হলে ছাড়পত্র বাতিল করা হবে।

৫.০ মনিটরিং

- ১) কর্তৃপক্ষ সময় সময় অবকাঠামো নির্মাণকালীন তদারকি করবে।
- ২) ছাড়পত্রের শর্তাবলী লঙ্ঘনের কারণে ছাড়পত্র বাতিল করা যাবে।

৬.০ ছাড়পত্র প্রদানের শর্তাবলী

৬.১ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের শর্তাবলী (বহতল ভবন)

বহতল ভবনের ছাড়পত্র প্রদান করার সময় নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই প্রযোজ্য হবে, এছাড়াও আবেদনপত্রের ধরন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে নতুন শর্ত যুক্ত হতে পারে।


- ১) ছাড়পত্রের কোন শর্তের লংঘন/ জমির মালিকানা নিয়ে আইনগত জটিলতা / আবেদনপত্র, নকশা, দলিলে ভুল তথ্য থাকলে ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।
- ২) ছাড়পত্র প্রস্তাবিত ভবনের FAR, কাঠামো নকশা ও ভূমির মালিকানা স্বত্ব নিশ্চিত করেনা। ছাড়পত্র কোনরূপ উন্নয়ন বা নির্মাণ কাজের জন্যে কোন বৈধ ক্ষমতা প্রদান করেনা এবং নির্মাণ অনুমোদন প্রাপ্তির পূর্বে এই ধরনের কোন কার্যক্রম শুরু করার জন্য কোনরূপ অধিকার প্রদান করেনা।
- ৩) আবেদনকারী ডিটিসিএ'র Traffic Circulation Examining Committee (TCEC) এর অনুমোদিত ও স্বাক্ষরযুক্ত নকশা রাজউকে পেশ করবেন।
- ৪) ডিটিসিএর অনুমোদন ব্যতীত অনুমোদিত নকশার পরিবর্তন, পরিবর্ধন বা কোন ধরনের রদবদল করা যাবেনা এবং অনুমোদিত নকশা নির্মাণের সময় সঠিকভাবে মেনে চলতে হবে।
- ৫) আবেদনকারী নির্মাণ কাজ শুরুর পূর্বেই কাজ শুরুর তারিখ এবং পার্কিং স্থান নির্মিত হওয়ার পর ডিটিসিএ কে অবহিত করবে এবং ডিটিসিএ প্রয়োজন অনুযায়ী নকশা, অঙ্গীকারনামা ও প্রদত্ত শর্তসমূহ পালিত হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করবে।
- ৬) ইমারত নির্মাণের ক্ষেত্রে ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা ২০০৮ (শুধুমাত্র রাজউক এলাকার জন্য প্রযোজ্য) এবং Bangladesh National Building Code অথবা হালনাগাদকৃত বিধি মেনে চলতে হবে।
- ৭) নির্মাণ সামগ্রী সর্বদাই সাইটের অভ্যন্তরে রাখতে হবে, মূল সড়ক ও ফুটপাথের উপরে নির্মাণ সামগ্রী ও Construction equipment/vehicle রাখা যাবেনা। ইমারত নির্মাণ সংক্রান্ত যানবাহন মূল সড়কে পার্ক করে যানজটের সৃষ্টি করা যাবে না।



৬.২ ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের শর্তাবলী (আবাসন প্রকল্প)

আবাসন প্রকল্প ছাড়পত্র প্রদান করার সময় নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই প্রযোজ্য হবে, এছাড়াও আবেদনপত্রের ধরন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে নতুন শর্ত যুক্ত হতে পারে।

- ১) ডিটিসিএ'র অনুমোদিত নকশার কোন রূপ পরিবর্তন, পরিবর্ধন বা কোন ধরনের রদবদল করা যাবেনা এবং অনুমোদিত লে আউট ম্যাপ অনুযায়ী প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
- ২) বেসরকারী ভূমি উন্নয়ন বিধিমালা ২০০৪, বেসরকারী ভূমি উন্নয়ন বিধিমালা ২০১২, বেসরকারী ভূমি উন্নয়ন বিধিমালা ২০১৫, রাজউক কর্তৃক প্রণীত মহাপরিকল্পনা সহ সকল বিধি বা হালনাগাদকৃত বিধি মোতাবেক ভূমি উন্নয়ন করতে হবে।
- ৩) ছাড়পত্র ভূমির মালিকানা নির্ধারণ করে না, মালিকানা সংক্রান্ত জটিলতা হলে ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪) ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ০৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হওয়ার অন্তত ৬০ (ষাট) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।
- ৫) প্রস্তাবিত প্রকল্পের অভ্যন্তরে কোন পরিবহন প্রকল্প বাস্তবায়নের প্রয়োজন হলে ডিটিসিএ'র পরামর্শক্রমে তা বাস্তবায়ন করতে আবেদনকারী বাধ্য থাকবেন।
- ৬) নৌযানের জন্য প্রকল্প এলাকার অভ্যন্তরীণ খালগুলো জনস্বার্থে ব্যবহারের জন্য সুযোগ দিতে হবে।
- ৭) প্রকল্প নির্মাণকালীন সময়ে বিভিন্ন ধাপে ডিটিসিএ কে অবহিত করতে হবে। প্রয়োজন অনুযায়ী ডিটিসিএ সরেজমিনে পরিদর্শন করবে।


২৬/১২/২৫


সহকারী জিআইএস এনালিস্ট

মোঃ আসিফ সিদ্দিকী
সহকারী জিআইএস এনালিস্ট
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়


২৬/১২/২৫

আরবান প্ল্যানার (চলতি দায়িত্ব)
ডিটিসিএ


সৈয়দ মাহফুজ-উল-ইসলাম
আরবান প্ল্যানার (চলতি দায়িত্ব)
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়


১৪/১২/২৫

অতিরিক্ত নির্বাহী পরিচালক
(টিএমপিটিআই)

ডিটিসিএ
মোহাম্মদ রবিউল আলম
অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮

অনুমোদন করা হলো


২৬/১২/২৫

নির্বাহী পরিচালক

ডিটিসিএ

নীলিমা আখতার
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তফসিল-১

ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্য আবেদন (আবাসন প্রকল্প)

বরাবর

নির্বাহী পরিচালক

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ.....

ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্য আবেদন।


১।	আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নামঃ
২।	যোগাযোগের ঠিকানাঃ
৩।	ফোন ও ইমেইলঃ
৪।	প্রস্তাবিত এলাকা সংক্রান্ত তথ্যাদিঃ (ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ (খ) ওয়ার্ড নং..... (গ) মৌজার নাম (ঘ) থানার নাম (ঙ) বি.এস / মহানগর জরিপ খতিয়ান ও দাগ নম্বর
৫।	মালিকানা সংক্রান্ত তথ্যাদিঃ (ক) প্লটের মালিকানার বিবরণঃ ব্যক্তি/যৌথ..... (খ) মালিকানা সূত্র ও তারিখ: ক্রয়/উত্তরাধিকার/হেবা/দান/লিজ/অন্যান্য.....(একর) এবং শতকরা.....(% (গ) বায়নাকৃত জমির পরিমাণ.....(একর) এবং শতকরা.....(% (ঘ) প্রকল্পে সম্ভাব্য অধিগ্রহণের জমির পরিমাণ.....(একর) এবং শতকরা.....(% (ঙ) রেজিস্ট্রেশনের তারিখ ও দলিল নম্বর
৬।	প্রকল্প সংক্রান্ত তথ্যাদিঃ ক) সম্ভাব্য সর্বোচ্চ জনসংখ্যা খ) প্লট এরিয়া, রাস্তা, লেক, বনায়ন প্রকল্প এলাকার শতকরা হার (%)
৭।	ফি সংক্রান্ত তথ্যাদিঃ ক) সমগ্র এলাকার ক্ষেত্রফল..... একর খ) ছাড়পত্রের ফি গ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং..... ঘ) ভ্যাট চালান বাবদ.....

অতএব, আমি প্রত্যয়ন করছি যে, আমার পক্ষ হতে প্রদত্ত তথ্যাবলী সঠিক।

সংযুক্তি: চেকলিস্ট অনুযায়ী সমস্ত তথ্যাদি

তারিখ:

(প্রতিষ্ঠান প্রধান/ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম ও স্বাক্ষর এবং জাতীয় পরিচয়পত্র নং



তফসিল-২

ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্যে আবেদন ফরম (বহুতল ভবন)

বরাবর

নির্বাহী পরিচালক

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ.....

ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্যে আবেদন।

- ১। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম.....
- ২। যোগাযোগের ঠিকানাঃ
- ৩। ফোন ও ইমেইলঃ
- ৪। প্রস্তাবিত প্লট সংক্রান্ত তথ্যাদিঃ

(ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ	(খ) ওয়ার্ড নং
(গ) বি.এস / মহানগর জরিপ খতিয়ান ও দাগ নম্বর	(ঘ) থানার নাম
(ঙ) মৌজার নাম	(চ) প্লট নং
(ছ) নিকটতম দূরত্বে প্রধান সড়কের নাম/নং, প্রশস্ততা.....	(জ) সংযোগ সড়কের নাম/নং, প্রশস্ততা
(ঝ) প্রস্তাবিত ভূমি ব্যবহার	

- ৫। মালিকানা সংক্রান্ত তথ্যাদিঃ
- (ক) প্লটের মালিকানার বিবরণঃ ব্যক্তি/যৌথ
- (খ) মালিকানাসূত্র ও তারিখ: ক্রয়/উত্তরাধিকার/হেবা/দান/লিজ/অন্যান্য
- (গ) রেজিস্ট্রেশনের তারিখ ও দলিল নম্বর
- (ঘ) প্রস্তাবিত ভূমির প্লট বিভাজন/একত্রিকরণের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৬। ইমারত সংক্রান্ত তথ্যাদিঃ
- ক) ইমারতের প্রকৃতি (টাইপ)
- খ) ভবনের বেজমেন্টের সংখ্যা
- গ) ভবনের তলার সংখ্যা
- ঘ) ফ্ল্যাটের সংখ্যা (আবাসিক ভবনের ক্ষেত্রে)
- ৭। কার পার্কিং এর তথ্যাদিঃ (ক) মোট কার পার্কিং.....টি (খ) প্রতিবন্ধী পার্কিং.....টি (গ) অতিথি পার্কিংটি
- ৮। ফি সংক্রান্ত তথ্যাদিঃ
- ক) সমগ্র মেবোর ক্ষেত্রফল..... বর্গমিটার
- খ) ছাড়পত্রের ফি
- গ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং.....
- ঘ) ভ্যাট চালান বাবদ.....

অতএব, আমি প্রত্যয়ন করছি যে, আমার পক্ষ হতে প্রদত্ত তথ্যাবলী সঠিক।

সংযুক্তি: চেকলিস্ট অনুযায়ী সমস্ত তথ্যাদি।

(প্রতিষ্ঠান প্রধান/ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম ও স্বাক্ষর এবং জাতীয় পরিচয়পত্র নং)



তফসিল-৩

ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্যে আবেদন (আবাসন নবায়ন প্রকল্প)

বরাবর

নির্বাহী পরিচালক

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ.....

ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্যে আবেদন।

১।	আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নামঃ (ক) ১ম/২য়/৩য়..... তম আবেদনের তারিখঃ (খ)..... তম আবেদনে অনুমোদনকৃত সমগ্র জমির পরিমাণ.....
২।	যোগাযোগের ঠিকানাঃ
৩।	ফোন ও ইমেইলঃ
৪।	প্রস্তাবিত এলাকা সংক্রান্ত তথ্যাদিঃ (ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ (খ) ওয়ার্ড নং..... (গ) মৌজার নাম (ঘ) থানার নাম (ঙ) বি.এস / মহানগর জরিপ খতিয়ান ও দাগ নম্বর
৫।	মালিকানা সংক্রান্ত তথ্যাদিঃ (ক) প্লটের মালিকানার বিবরণঃ ব্যক্তি/যৌথ..... (খ) মালিকানা সূত্র ও তারিখ: ক্রয়/উত্তরাধিকার/হেবা/দান/লিজ/অন্যান্য.....(একর) এবং শতকরা.....(%) (গ) বায়নাকৃত জমির পরিমাণ.....(একর) এবং শতকরা.....(%) (ঘ) প্রকল্পে সম্ভাব্য অধিগ্রহণের জমির পরিমাণ.....(একর) এবং শতকরা.....(%) (ঙ) রেজিস্ট্রেশনের তারিখ ও দলিল নম্বর
৬।	প্রকল্প সংক্রান্ত তথ্যাদিঃ ক) সম্ভাব্য সর্বোচ্চ জনসংখ্যা খ) প্লট এরিয়া, রাস্তা, লেক, বনায়ন প্রকল্প এলাকার শতকরা হার (%) গ) প্রকল্প এলাকায় সমাপ্তকৃত রাস্তার পরিমাণ.....(%) বা.....একর ঘ) প্রকল্প এলাকায় সমাপ্তকৃত নাগরিক সুবিধা পরিমাণ.....(%) বা.....একর ঙ) প্রকল্প এলাকায় বিক্রয়কৃত মোট জমির পরিমাণ.....(%) বা.....একর
৭।	ফি সংক্রান্ত তথ্যাদিঃ ক) সমগ্র এলাকার ক্ষেত্রফল..... একর খ) ছাড়পত্রের ফি গ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং..... ঘ) ভ্যাট চালান বাবদ.....

অতএব, আমি প্রত্যয়ন করছি যে, আমার পক্ষ হতে প্রদত্ত তথ্যাবলী সঠিক।

সংযুক্তি: চেকলিস্ট অনুযায়ী সমস্ত তথ্যাদি

তারিখ:

(প্রতিষ্ঠান প্রধান/ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম ও স্বাক্ষর এবং জাতীয় পরিচয়পত্র নং)

(Handwritten signatures)

তফসিল-৪

অংগীকারনামার নমুনা (আবাসন প্রকল্প/ নবায়ন আবাসন প্রকল্প)

আমি নিম্নস্বাক্ষরকারী, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নিকট ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রাপ্তির লক্ষ্যে নিম্নলিখিত অংগীকারনামা প্রদান করলামঃ

১. মৌজার নাম ওয়ার্ড নং থানার নাম জেলা বি.এস / মহানগর জরিপ খতিয়ান ও দাগ নম্বর এর অন্তর্গত প্রকল্পের জন্যে ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের জন্যে আবেদন করেছি।
২. মোট জমির পরিমাণএকর, তন্মধ্যে একর ক্রয় করা হয়েছে।
৩. আমি উক্ত প্রস্তাবিত জমির মালিকানা নিশ্চিত করছি, জমির মালিকানা সংক্রান্ত কোন ধরনের তথ্যবিভ্রাট / জটিলতা দেখা দিলে তার জন্যে আমি সম্পূর্ণভাবে দায়ী থাকব। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের কোন ধরনের দায়-দায়িত্ব থাকবে না।
৪. “বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪”, The Building Construction Act, 1952 (Act No. II of 1953), Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953) “ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০২৫”, Bangladesh National Building Code অনুসারে নকশা প্রস্তুত করবো।
৫. আবাসন এলাকার মধ্য দিয়ে কোন পরিবহন পরিকল্পনা বাস্তবায়নে সরকারী কোন প্রস্তাবনা থাকলে ডিটিসিএ’র পরামর্শক্রমে আবাসন প্রকল্প কর্তৃক তা বাস্তবায়নে সহযোগিতা করবো এবং প্রয়োজনে ভূমি ছেড়ে দিতে বাধ্য থাকবো।
৬. প্রস্তাবিত প্রকল্পে নির্মাণ সংশিষ্ট মালামাল সড়ক বা ফুটপাথের উপর জমা করে রাখা হবে না, যাতে করে চলমান ট্রাফিক ব্যবস্থাপনায় বিরূপ প্রভাব ফেলে। এর ব্যত্যয় হলে তার জন্যে আমি সম্পূর্ণভাবে দায়ী থাকব।
৭. ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ প্রদত্ত সকল শর্তাবলী মেনে চলতে আমার কোন প্রকার আপত্তি নাই।
৮. উপর্যুক্ত কার্যক্রমসহ বিধি-বিধানের পরিপন্থী কোন অভিযোগ প্রমাণিত হলে কর্তৃপক্ষ ছাড়পত্র বাতিলসহ আমার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর (সীল সহ)




তফসিল-৫

অংগীকারনামার নমুনা (বহুতল ভবন)

আমি নিম্নস্বাক্ষরকারী, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নিকট ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রাপ্তির লক্ষ্যে নিম্নলিখিত অংগীকারনামা প্রদান করলামঃ

১. মৌজার নাম..... ওয়ার্ড নং থানার নাম জেলা
- বি.এস / মহানগর জরিপ খতিয়ান ও দাগ নম্বর এর অন্তর্গত
..... প্রকল্পের জন্যে ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের জন্যে আবেদন করেছি।
২. সমগ্র মেবোর ক্ষেত্রফল বর্গমিটার, ইমারতের প্রকৃতি (টাইপ)
- বেজমেন্টের সংখ্যা, ভবনের তলার সংখ্যা, ফ্ল্যাটের সংখ্যা
- মোট কার পার্কিংটি, প্রতিবন্ধী পার্কিং টি অতিথি পার্কিং টি
৩. আমি উক্ত প্রস্তাবিত জমির মালিকানা নিশ্চিত করছি, জমির মালিকানা সংক্রান্ত কোন ধরনের তথ্যবিভ্রাট / জটিলতা দেখা দিলে তার জন্যে আমি সম্পূর্ণভাবে দায়ী থাকব। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের কোন ধরনের দায়-দায়িত্ব থাকবে না।
৪. “বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪”, The Building Construction Act, 1952 (Act No. II of 1953), Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953) “ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০২৫”, Bangladesh National Building Code অনুসারে নকশা প্রস্তুত করা হবে।
৫. প্রস্তাবিত প্রকল্পে নির্মাণ সংশ্লিষ্ট মালামাল সড়ক বা ফুটপাথের উপর জমা করে রাখা হবে না, যাতে করে চলমান ট্রাফিক ব্যবস্থাপনায় বিরূপ প্রভাব ফেলে। এর ব্যত্যয় হলে তার জন্যে আমি সম্পূর্ণভাবে দায়ী থাকব।
৬. ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ প্রদত্ত সকল শর্তাবলী মেনে চলতে আমার কোন প্রকার আপত্তি নাই।
৭. উপর্যুক্ত কার্যক্রমসহ বিধি-বিধানের পরিপন্থী কোন অভিযোগ প্রমাণিত হলে কর্তৃপক্ষ ছাড়পত্র বাতিলসহ আমার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর (সীল সহ)





তফসিল-৬

স্থপতি/প্রকৌশল/পরিকল্পনাবিদদের প্রকল্পে নিয়োজিত হওয়ার সম্মতিপত্র

আমি

বর্তমান ঠিকানা:.....

স্থায়ী ঠিকানা:.....

আমি এই প্রতিষ্ঠান এ

হিসাবেখ্রিস্টাব্দ তারিখ হইতে নিয়োজিত /উপদেষ্টা হিসাবে আছি। এই প্রতিষ্ঠানের লে-আউট প্ল্যান প্রণয়নসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪, ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) নির্মাণ বিধিমালা, ২০২৫, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং অন্যান্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণপূর্বক কার্য সম্পাদন করিব। আমি আমার পেশাজীবী প্রতিষ্ঠানের সদস্য পদের Code of Ethics অনুসারে দায়িত্ব পালন করবো।

পেশাজীবী সংগঠনে আমার সদস্য নং.....এবং রাজউক কার্যক্রম পালনের জন্য পেশাজীবী সংগঠনে আমার নিবন্ধন নম্বর.....।

(.....)

ব্যবস্থাপনা পরিচালক

উপদেষ্টা প্রতিষ্ঠান/উদ্যোক্তা প্রতিষ্ঠান

ঠিকানা:

স্বাক্ষর:

নাম:

(স্থপতি/প্রকৌশলী/পরিকল্পনাবিদ)

পদবী:

ঠিকানা:

তফসিল-৭

ডিটিসিএ'র অধিক্ষেত্র এলাকায় বহুতল ভবন ও আবাসন প্রকল্পের ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত নকশা অনুমোদনের ক্ষেত্রে ডিটিসিএ'র ছাড়পত্র ফি নিম্নোক্তভাবে নির্ধারিত হবে। প্রজ্ঞাপন নং: ৩৫.০০.০০০০.০৪৮.৯৯.০০৫.১৫-১২৮

বহুতল ভবন

ক্রম	১০ (দশ) তলার উপরের সকল ইমারতের ক্ষেত্রে সকল তলা মিলে সর্বমোট মেঝে এলাকা	ছাড়পত্র ফি
১।	অনুর্ধ্ব ৮০০ বর্গমিটার	৪০০০/- (চার হাজার টাকা)
২।	৮০০ বর্গমিটার হতে ১০০০ বর্গমিটার পর্যন্ত	৫০০০/- (পাঁচ হাজার টাকা)
৩।	১০০১ বর্গমিটার হতে ১৫০০ বর্গমিটার পর্যন্ত	৮,৫০০/- (আট হাজার পাঁচশত টাকা)
৪।	১৫০১ বর্গমিটার হতে ২০০০ বর্গমিটার পর্যন্ত	১৩,০০০/- (তের হাজার টাকা)
৫।	২০০১ বর্গমিটার হতে ৩০০০ বর্গমিটার পর্যন্ত	২৮,০০০/- (আটাশ হাজার টাকা)
৬।	৩০০১ বর্গমিটার হতে ৪০০০ বর্গমিটার পর্যন্ত	৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার টাকা)
৭।	৪৩০১ বর্গমিটার হতে ৫০০০ বর্গমিটার পর্যন্ত	৬৫,০০০/- (পয়ষট্টি হাজার টাকা)
৮।	৫০০১ বর্গমিটার হতে ১০০০০ বর্গমিটার পর্যন্ত	৮৫,০০০/- (পঁচাশি হাজার টাকা)
৯।	১০০০১ বর্গমিটার হতে ১৫০০০ বর্গমিটার পর্যন্ত	১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার টাকা)
১০।	১৫০০১ বর্গমিটার হতে ২০০০০ বর্গমিটার পর্যন্ত	১,৩৫,০০০/- (এক লক্ষ পয়ত্রিশ হাজার টাকা)
১১।	২০০০১ বর্গমিটার হতে ৩০০০০ বর্গমিটার পর্যন্ত	২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার টাকা)
১২।	৩০০০০ বর্গমিটার উর্ধ্বে	৩,৭০,০০০/- (তিন লক্ষ সত্তর হাজার টাকা)

আবাসন প্রকল্প

ক্রম	আবাসন প্রকল্পের অনুমোদন/ছাড়পত্রের ক্ষেত্রে	ছাড়পত্র ফি
১।	নতুন প্রকল্প অনুমোদনের জন্য একর প্রতি	৩৫০০/- (তিন হাজার পাঁচশত টাকা)
২।	নবায়নের জন্য একর প্রতি	৫০০ টাকা/- (পাঁচশত টাকা)

[Handwritten signatures and marks]

তফসিল-৮

TIA রিপোর্টের সংক্ষিপ্ত বিবরণ

১. Project Name:
২. Applicant Name:
৩. Project Location:
৪. Study Years: Base Year, 5 Years, 20 Years
৫. Standards Followed: HCM / Local Guidelines
৬. সার্ভে বিবরণী : CTC সার্ভে করে Peak ও off peak বের করতে হবে

৭. প্রকল্পের পার্শ্ববর্তী ইন্টারসেকশনের বিবরণী :

ছক-১ (General Information & Road Inventory)

General information	Intersection 1	Intersection 2	-----
Location			
Road Classification			
Number of Lanes			
Lane Width (m)			
Control Type			
Total PCU			
Capacity (PCU/hr)			
Peak Hour Volume			
Peak Hour Factor (PHF)			

ছক-২ (Performance Analysis Summary) **

Performance Indicator	Base Year (Existing)	After 5 years (Without Project)	After 5 years (With Project)	Difference (Year)	After 20 years (Without Project)	After 20 years (With Project)	Difference (Year)
	a	b	c	d = c-b	e	f	g = f-e
V/C Ratio							
Delay (seconds)							
Queue Length (meters)							
Level of Service (LOS)							

Handwritten signatures and initials.

Handwritten signature.

৮. Major recommendations:

ক) Short-term (Operational):

খ) Medium-term (Geometric):

গ) Long-term (Strategic):

আবেদনকারীর স্বাক্ষর

পেশাজীবির স্বাক্ষর

অনুমোদনকারীর

*প্রয়োজনে অতিরিক্ত পাতা ব্যবহার করা যাবে।

**প্রকল্পের প্রতিটা ইন্টারসেকশনের জন্য ছক-২ প্রযোজ্য হবে



পরিশিষ্ট- ১

(ডাইভওয়ে)

Table 3.F.6: Minimum Requirements for Large Vehicle Parking and Maneuvering

Type of Vehicle	Stall Length	Stall Width	Headroom clearance	Minimum carriageway width	Inside turning radius	Maximum ramp gradient ratio
Light goods vehicles e.g. pickup, vans etc.	7 m	3.5 m	3.6 m	4.5 m (single straight lane) 5.5 m (single curve lane) 7.4 m (dual straight lane)	6.0 m	1:12
Mini buses	8 m	3.0 m	3.3 m	4.5 m (single straight lane) 7.5 m (single curve lane) 7.4 m (dual straight lane)		
Buses	12 m	3.5 m	3.8 m			
Heavy goods vehicle e.g. trucks	11 m	3.5 m	4.7 m			
Articulated vehicles e.g. container carriers, trailers etc.	16 m	3.5 m	4.7 m	4.5 m (single straight lane) 9.0 m (single curve lane) 7.4 m (dual straight lane)	1:15	

Table 3.F.4: Minimum width of Parking Aisle/Driveway

Parking Angle to Aisle	One Way Traffic		Two Way Traffic
	Bay on One Side	Bays on Both Side	Bays on One or Both Side
0° (parallel)	3600	3600	6000
30°	3600	4200	
45°	4200	4800	
60°	4800	4800	
90° (perpendicular)	6000	6000	

* সূত্রঃ বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড (BNBC-2020)

(Handwritten signatures)

পরিশিষ্ট- ২

(র‍্যাম্প)




Figure 3.F.9 Carriageway ramp width




Figure 3.F.10 Ramps with (a) Same gradient; (b) Change in gradient

F.7.3.2 Carriageway ramp gradient

Ramp gradient specify the slope of a ramp expressed either in percentage or in ratio and calculated as follows:

$$\text{Ramp gradient (slope)\%} = \frac{\text{Floor-to-floor height X 100}}{\text{Ramp length along the horizontal plane}}$$

* সূত্রঃ বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড (BNBC-2020)

(Handwritten signatures and marks)

পরিশিষ্ট- ৩

(পার্কিং স্পেস)





Figure 3.D.38 Accessible parking stall and approach



* সূত্রঃ বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড (BNBC-2020)

ট্রাফিক সার্কুলেশন গাইডলাইন, ডিসেম্বর ২০২৫, ডিটিপিএ।

Handwritten signatures and initials at the bottom of the page.

পরিশিষ্ট- ৪

(আবাসন প্রকল্প সড়ক)




Figure 3.F.1 Road hierarchy

* সূত্রঃ বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড (BNBC-2020)


যান্ত্রিক যানবাহনের চলাচল অনুমতিযোগ্য হলেও জন্য আলাদা লেন দেয়া হবেনা
রাইট অফ ওয়ে (ROW) ৮০ ফিটের উপরে - ১০০ ফিটের নিচে



* সূত্রঃ ঢাকা মহানগর এলাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (DAP)


(Handwritten signatures and marks)

পরিশিষ্ট- ৫
(নমুনা নকশা সিট)




*প্রয়োজনে একাধিক সিট ব্যবহার করা যাবে।

ফুটপাত দিয়ে প্রকল্পে প্রবেশ বা নির্গমন নমুনা নকশা



চিত্র: ৫ ফিট প্রস্থ বিশিষ্ট ফুটপাত দিয়ে গাড়ি প্রবেশের লেআউট ডায়াগ্রাম



চিত্র: ৫ ফিট প্রস্থ বিশিষ্ট ফুটপাত দিয়ে গাড়ি প্রবেশের সেকশনাল ডায়াগ্রাম

[Handwritten signature]